



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।



স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৫৯

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮

২৯ সেপ্টেম্বর ২০২১

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার (২০২১-২২) আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়নের জন্য গঠিত কমিটি কর্তৃক কাউন্সিলের সাপোর্ট সার্ভিস ইউনিটের সংস্থাপন শাখা এবং প্রকৌশল শাখার কার্যক্রমসমূহ সিটিজেন চার্টার অনুযায়ী বাস্তবায়ন হচ্ছে কি না তা পরিবীক্ষণের জন্য গত ২৬/০৯/২০২১ এবং ২৭/০৯/২০২১ তারিখে পরিবীক্ষণ করা হয়। উল্লিখিত বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদনটি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিবীক্ষণ প্রতিবেদন।

২৯-৯-২০২১

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার

নির্বাহী চেয়ারম্যান

সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৫৯/১(৩)

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮

২৯ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ এবং ফোকাল পয়েন্ট, এপিএ টীম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

৩) একান্ত সচিব (রুটিন দায়িত্ব), নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

২৯-৯-২০২১

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন।

গত ২৬/০৯/২০২১ এবং ২৭/০৯/২০২১ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২০২২ কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অনুসারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ০৭/০৭/২০২১ তারিখ অনুষ্ঠিত ১ম সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সাপোর্ট সার্ভিস ইউনিটের আওতাধীন সংস্থাপন শাখা এবং প্রকৌশল শাখার সেবা সংক্রান্ত ১ম ত্রৈমাসিক কার্যক্রমসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে কি না তা পরিদর্শন করে পরীক্ষা করা হয় যা নিম্নে উপস্থাপন করা হলো:

২.১) পানি, বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস, সিটি কর্পোরেশন ইত্যাদির বিল পরিশোধ: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের পানি, বিদ্যুৎ, টেলিফোন, গ্যাস, সিটি কর্পোরেশন ইত্যাদির বিল পরিশোধ বিষয়টি দাপ্তরিক সেবার আওতাধীন। এজন্য প্রয়োজনীয় যে কাগজপত্র লাগবে তা হলো: সেবা গ্রহীতা প্রতিষ্ঠানের বিল। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিল প্রাপ্তি সাপেক্ষে বিনামূল্যে সেবা প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ১৫ (পনের) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের প্রকৌশল শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) পানি বিল পরিশোধের নথি নং: ১২.২০.০০০০.০২২.৫১.০০১.১৯ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলে ঢাকা ওয়াসা থেকে জুলাই ২০২১ মাসের বিল গত ১৪/০৭/২০২১ তারিখে প্রেরণ করেন। উক্ত বিলটি শাখায় প্রাপ্তির পর নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রাপ্ত পানি বিল ২৭/০৭/২০২১ তারিখ সেবা গ্রহীতা প্রতিষ্ঠানকে পরিশোধ করা হয়।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

(২) পানি বিল পরিশোধের নথি নং: ১২.২০.০০০০.০২২.৫১.০০১.১৯ এর অপর পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলে ঢাকা ওয়াসা থেকে আগস্ট ২০২১ মাসের পানি বিল গত ১২/০৮/২০২১ তারিখে প্রেরণ করেন। উক্ত বিলটি শাখায় প্রাপ্তির পর নোট উপস্থাপন কার হয় এবং প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রাপ্ত পানি বিল ২৬/০৮/২০২১ তারিখ সেবা গ্রহীতা প্রতিষ্ঠানে পরিশোধ করা হয়।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

(৩) বিদ্যুৎ বিল পরিশোধের নথি নং: ১২.২০.০০০০.০২২.৫২.০১১.৮১, পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলে ডিপিডিসি থেকে জুলাই ২০২১ মাসের বিদ্যুৎ বিল গত ১৩/০৮/২০২১ তারিখে প্রেরণ করেন। উক্ত বিলটি শাখায় প্রাপ্তির পর নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রাপ্ত বিদ্যুৎ বিল ২৭/০৮/২০২১ তারিখ সেবা গ্রহীতা প্রতিষ্ঠানে পরিশোধ করা হয়।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

(৪) বিদ্যুৎ বিল পরিশোধের নথি নং: ১২.২০.০০০০.০২২.৫২.০১১.৮১ অপর পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলে ডিপিডিসি থেকে আগস্ট ২০২১ মাসের বিদ্যুৎ বিল গত ১৬/০৮/২০২১ তারিখে প্রেরণ করেন। উক্ত বিলটি শাখায় প্রাপ্তির পর নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রাপ্ত বিদ্যুৎ বিল ২৯/০৮/২০২১ তারিখ সেবা গ্রহীতা প্রতিষ্ঠানে পরিশোধ করা হয়।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।



(৫) টেলিফোন বিল পরিশোধের নথি নং: ১২.২০.০০০০.০২২.১০.০০৯.১৩ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলে বিটিসিএল থেকে জুলাই-আগস্ট ২০২১ মাসের টেলিফোন বিল গত ১৬/০৮/২০২১ তারিখে প্রেরণ করেন। উক্ত বিলটি শাখায় প্রাপ্তির পর নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রাপ্ত টেলিফোন বিল ২৯/০৮/২০২১ তারিখ সেবা গ্রহীতা প্রতিষ্ঠানে পরিশোধ করা হয়।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

(৬) সিটি কর্পোরেশনের ট্যাক্স পরিশোধের নথি: ১২.২০.০০০০.০২২.৫০.০০১.২১ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলে ঢাকা সিটি কর্পোরেশন থেকে জুলাই ২০২১-জুন ২০২২ পর্যন্ত সিটি কর্পোরেশন ট্যাক্স গত ০১/০৯/২০২১ তারিখে প্রেরণ করেন। উক্ত বিলটি শাখায় প্রাপ্তির পর নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রাপ্ত ট্যাক্স বিল ১২/০৯/২০২১ তারিখ সেবা গ্রহীতা প্রতিষ্ঠানে পরিশোধ করা হয়।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

২.২) নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সার্ভিস: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সার্ভিস অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এজন্য প্রয়োজনীয় যে কাগজপত্র লাগবে তা হলো: বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখার চাহিদা পত্র/নোট শীট। এক্ষেত্রে বিনামূল্যে সেবা প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা পিপিআর বর্ণিত সময়/১৪ কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের প্রকৌশল শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) প্রকৌশল শাখার নথি ও চাহিদা পত্র/নোটশীট পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের বিভিন্ন বিভাগ ইউনিট/কেন্দ্র/শাখা থেকে জুলাই-সেপ্টেম্বর ২০২১ সময়ে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সার্ভিস সংক্রান্ত প্রাপ্ত ২৪টি চাহিদা পত্র/নোট এর অনুকূলে প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে প্রকৌশল শাখা থেকে সেবা প্রদান করা হয়েছে।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

২.৩) গ্রাচুইটি মঞ্জুর: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের গ্রাচুইটি মঞ্জুর বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে গ্রাচুইটি মঞ্জুর এর অফিস আদেশ জারি করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ৭০ (সত্তর) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের সংস্থাপন শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০০৬.০৫ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের অবসরপ্রাপ্ত সদস্য পরিচালক ড. সুলতান আহম্মেদ কর্তৃক গ্রাচুইটি সুবিধাদি উত্তোলনের জন্য গত ১৪/০৬/২০২১ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের পর ১৬/০৯/২০২১ তারিখে বর্ণিত কর্মকর্তার অনুকূলে টাকা ৭৪,১৯,২২০ (চুয়াত্তর লক্ষ উনিশ হাজার দুইশত বিশ মাত্র) মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ৬২ (ষাষটি) কার্যদিবস।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

(২) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০৫৪.৮৬ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের অবসরপ্রাপ্ত সহকারী পরিচালক (ভান্ডার) জনাব সন্তোষ কুমার রায় কর্তৃক গ্রাচুইটি সুবিধাদি উত্তোলনের জন্য গত ৩১/০৫/২০২১ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের পর ১৮/০৮/২০২১ তারিখে বর্ণিত কর্মকর্তার অনুকূলে টাকা ৪৪,৯৫,০০৫ (চুয়াল্লিশ লক্ষ পচানব্বই হাজার মাত্র) মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ৫০ (পঞ্চাশ) কার্যদিবস।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

২



২.৪) পিআরএল মঞ্জুর: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের পিআরএল মঞ্জুর বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে পিআরএল মঞ্জুর এর অফিস আদেশ জারি করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ১৫ (পনের) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের সংস্থাপন শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.১৪৪.৮৬ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের পরিচ্ছন্নতা কর্মী জনাব মো: সামছুল হক পিআরএল মঞ্জুরের জন্য গত ০২/০৬/২০২১ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের পর ০৩/০৮/২০২১ তারিখে বর্ণিত কর্মকর্তাকে ০২/০৯/২০২১ তারিখ হতে ০১/০৯/২০২২ তারিখ পর্যন্ত ১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ৪০ (চল্লিশ) কার্যদিবস।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান সম্পন্ন হয়নি।

(১) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০৪৫.৮৪ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের সহকারী পরিচালক (কমন সার্ভিস) জনাব মো: দলিল উদ্দিন বসুনিয়া পিআরএল মঞ্জুরের জন্য গত ১১/০৮/২০২১ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের পর ২৩/০৮/২০২১ তারিখে বর্ণিত কর্মকর্তাকে ৩১/১০/২০২১ তারিখ হতে ৩০/১০/২০২২ তারিখ পর্যন্ত ১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ০৬ (ছয়) কার্যদিবস।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

২.৫) ছুটি নগদায়ন প্রক্রিয়া: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ছুটি নগদায়ন প্রক্রিয়ার বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে ছুটি নগদায়ন এর এর অফিস আদেশ জারি করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ২২ (বাইশ) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের সংস্থাপন শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০০৩.০৬ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের সদস্য পরিচালক (পিআরএল ভোগরত) ড. আ.শ.ম. আনোয়ারুল হক কর্তৃক ছুটি নগদায়ন সুবিধাদি পরিশোধের জন্য গত ২৫/০৭/২০২১ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনের পর ১৬/০৯/২০২১ তারিখে বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ মাস ছুটি নগদায়নের টাকা ১২,০৪,৯২০ (বার লক্ষ চার হাজার নয়শত বিশ মাত্র) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ৩৩ (তেত্রিশ) কার্যদিবস।


মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান সম্পন্ন হয়নি।

২.৬) অর্জিত ছুটি: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অর্জিত ছুটি প্রক্রিয়ার বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নকৃত আবেদন প্রাপ্তি সাপেক্ষে অর্জিত ছুটি ভোগের অফিস আদেশ জারি করা হয়। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৩ (তিন) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের সংস্থাপন শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০৪৬.১৬ পর্যালোচনায় দেখা যায়, কাউন্সিলের সহকারী পরিচালক (সংস্থাপন) জনাব সোহাগ ফকির অর্জিত ছুটি মঞ্জুরের জন্য গত ১৮/০৮/২০২১ তারিখ আবেদন করেন। পত্রটি ১৮/০৮/২০২১ তারিখে শাখায় প্রাপ্তির পর নথিটি হার্ড ফাইলে একই তারিখে উপস্থাপিত হয় এবং ১৯/০৮/২০২১ তারিখে নিষ্পত্তির পর একই তারিখে বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৯ দিন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্জিত ছুটি মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ০২ (দুই) কার্যদিবস।

মন্তব্য: সেবা প্রদানের নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।


৩





৩. কর্মকাণ্ডে গতিশীলতা ও তথ্য প্রদানে আগ্রহ: সরেজমিনে প্রদর্শিত বিএআরসি এর সাপোর্ট সার্ভিস ইউনিটের সংস্থাপন শাখা ও প্রকৌশল শাখায় দায়িত্বপ্রাপ্ত সকলেই তথ্য প্রদানে সহযোগিতা করেছে। শাখার কর্মকর্তা ও অন্যান্য সহায়ক কর্মচারীদের মধ্যে কাজের সমন্বয় রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।


৪. সুপারিশ:

ক্রমিক	সুপারিশ	বাস্তবায়নকারী
ক)	পিআরএল মঞ্জুর এবং ছুটি নগদায়ন প্রক্রিয়া কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত কার্যদিবসে সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;	উপ-পরিচালক (সংস্থাপন শাখা)
খ)	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল সেবা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা-কে পত্র প্রেরণ করা যেতে পারে;	প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চ.দা.), জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট


26/02/2020
(মো: আল মোবাহ্ছের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চ.দা.)
ও
সদস্য সচিব
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি


26/02/2020
(ড. সুরাইয়া পারভীন)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও
মূল্যায়ন)
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি


26/02/2020
(মো: মুস্তাফিজুর রহমান)
প্রিন্সিপাল টেকনিক্যাল অফিসার
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি


26/02/2020
(হাসান মো: হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি